গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
রাজস্ব শাখা
www.sylhetdiv.gov.bd

বিষয়: সেপ্টেম্বর ২০২৪ মাসের বিভাগীয় রাজস্ব সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	**১৭ সেপ্টেম্বর ২০২৪**
সভার সময়	**বিকাল ০৩:০০ ঘটিকা**
স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি নবাগত জেলা প্রশাসকগণ ও অন্যান্য উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। গত ১৯ আগস্ট ২০২৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় রাজস্ব সভার কার্যবিবরণী ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ০৫.৪৬.০০০০.০০৬.০৬.০০১.২২.১১১৫ নং স্মারকে সংশ্লিষ্ট সকলের বরাবরে ডি-নথি ও ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

১. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:
বিগত সভায় ৯৭টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। তন্মধ্যে ৯২টি বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ৫টি সিদ্ধান্ত বাস্তবায়নের কাজ চলমান আছে। গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

গত ১৯ আগস্ট ২০২৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:

গত সভার তারিখ	গৃহীত সিদ্ধান্তের সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার
১৯ আগস্ট ২০২৪	৯৭	৯২	৯৪.৮৪%

২. সভার আলোচ্যসূচি মোতাবেক বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ

১. ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়: ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি আগামী সভার পূর্বে সঠিকভাবে নির্ধারণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, বর্তমানে ভূমি উন্নয়ন কর শতভাগ অনলাইনে আদায় করা হচ্ছে। সংস্থার ভূমি উন্নয়ন কর নির্ধারণপূর্বক বছরের শুরুতেই সংস্থাসমূহের দাবি আদায়ের বিষয়ে সংস্থাসমূহের সাথে পত্র যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভাপতি গুরুত্বারুপ করেন।	(ক) সিলেট বিভাগের আওতাধীন জেলাসমূহে ২০২৪-২৫ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নির্ধারণ করে এ কার্যালয়কে অবহিত করতে হবে। (খ) ২০২৪-২৫ অর্থ বছরের রিটার্ন-৩ অনলাইনে এবং হার্ডকপিতে প্রণয়ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (গ) সংস্থার বকেয়া দাবীসহ হাল দাবী আদায়ে এখন থেকেই সংস্থাগুলোর সাথে পত্র যোগাযোগ শুরু করতে হবে এবং এ কার্যালয়কে অবগত করতে হবে। (ঘ) অন-লাইনে ভূমি উন্নয়ন কর আদায়ের বিষয়ে প্রচার-প্রচারনা অব্যাহত রাখতে হবে। (ঙ) বাস্তব শ্রেণিতেই যেন দাবী নির্ধারণ করা হয় তা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে শ্রেণি পরিবর্তনের প্রয়োজন হলে বিধি মোতাবেক তা পরিবর্তনের ব্যবস্থা নিতে হবে।	১-৪ জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
২. খাস জমি বন্দোবস্ত: সভায় খাসজমি বন্দোবস্ত প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। খাসজমি বন্দোবস্তের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখতে সকলকে অনুরোধ জানানো হয়।	(ক) আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে খাসজমি বন্দোবস্ত প্রদানের ব্যবস্থা নিতে হবে। (খ) কবুলিয়ত সম্পাদনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। (গ) খাসজমি বন্দোবস্তের জন্য সৃজিত নথিতে সুনির্দিষ্ট তথ্য প্রেরণ করতে হবে। (ঘ) কৃষি খাসজমি বন্দোবস্ত নীতিমালা অনুযায়ী আগামী ডিসেম্বর মাসের মধ্যে প্রতি জেলায় কমপক্ষে **৫০টি** বন্দোবস্ত প্রদান করতে হবে এবং ভূমিহীনদের তালিকা হালনাগাদ করার ব্যবস্থা নিতে হবে। স্বচ্চ ও গ্রহণযোগ্য তালিকা প্রস্তুতের ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) সরেজমিনে স্থানীয় জনপ্রতিনিধি গণ্যমান্য ব্যক্তিবর্গের সহযোগিতা নেয়া যেতে পারে। (ঙ) খাসজমি বন্দোবস্ত সংক্রান্ত কার্যক্রমে বিদ্যমান আইন ও ভূমি মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুসরণ করতে হবে। (চ) সহকারী কমিশনার (ভূমি) গণ প্রতি মাসে কমপক্ষে ০১টি করে মৌজার খাসজমি পর্যবেক্ষণ করবেন। (ছ) পূর্বে রেকর্ডভূক্ত ১নং খতিয়ানের খাসজমি নতুন রেকর্ডে সঠিকভাবে অন্তর্ভূক্ত হয়েছে কিনা তা খতিয়ে দেখতে হবে এবং প্রয়োজনে বিধি-মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১-৪ জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার

৩. ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন ধরনের ভূমি ব্যবস্থাপনা পরিবীক্ষণ: সরকারি খাস জমি পুনরুদ্ধার, হাট-বাজার পেরিফেরিকরণ এবং হাট-বাজারসমূহে চান্দিনা ভিটি আধা শতক করে একসনা লিজ প্রদান সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) অবৈধ দখলে থাকা খাস জমি পুনরুদ্ধারে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। (খ) সকল হাটবাজারের পেরিফেরিকরণ নিশ্চিত করতে হবে। (গ) হাট-বাজারসমূহে অবস্থিত চান্দিনা ভিটি নীতিমালা অনুযায়ী লীজ ও লীজ নবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। (ঘ) হাট-বাজারসমূহে অবৈধভাবে নির্মিত সকল স্থাপনা বিধি মোতাবেক অপসরাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (ঙ) বিধিবহির্ভূত সকল হাট উচ্ছেদ করতে হবে। তবে ব্যাক্তিমালিকানাধীন জমিতে কোন হাট স্থাপিত হলে এবং সেখানে নিয়মিত হাট বসলে আইন অনুযায়ী অধিগ্রহণ করে পেরিফেরি সম্পন্ন করতে হবে।	১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভী বাজার
৪. সায়রাত মহাল: সভায় সায়রাত মহাল পঞ্জিকাভূক্তকরণ, পঞ্জিকা আপডেটকরণ বিষয়ে আলোচনা হয়। এছাড়া জলমহাল ইজারা প্রদান এবং অ-ইজারাকৃত জলমহাল হতে খাস কালেকশনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ক) বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণপূর্বক সায়রাত মহাল ইজারা প্রদান করতে হবে। কোন সায়রাত মহাল যেন ক্যালেন্ডার বহির্ভূত না থাকে এবং ইজারাবিহীন না থাকে সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে। (খ) ইজারাবিহীন জলমহাল হতে নীতিমালা অনুযায়ী খাস কালেকশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) ইজারাবিহীন বালুমহাল থেকে অবৈধভাবে বালু উত্তোলনের বিরুদ্ধে সতর্ক থাকতে হবে। অবৈধভাবে বালু উত্তোলনের সাথে যারা জড়িত থাকবে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) সায়রাতভুক্ত হওয়ার উপযুক্ত কোন বালুমহাল থাকলে বিদ্যমান আইন ও বিধি-বিধান যথাযথ অনুসরণপূর্বক সায়রাতভুক্ত করতে হবে। সায়রাতভুক্ত হওয়ার উপযুক্ত কোন মহালকেই সায়রাত বহির্ভূত রাখা যাবে না। এলক্ষ্যে সকল জেলা প্রশাসক বিআইটিডব্লিউএ ও পানি উন্নয়ন বোর্ডের হাইড্রোগ্রাফিক সার্ভে সংগ্রহ করে সরেজমিন তদন্তের মাধ্যমে বিধি মোতাবেক সায়রাতভুক্ত করতে হবে। (ঙ) সায়রাতমহালের ইজারামূল্য যথাসময়ে আদায় নিশ্চিত করতে হবে। অন্যথায় আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। (চ) উন্নয়নপ্রকল্প ও হস্তান্তরিত জলমহালগুলো ইজারা/হস্তান্তরের শর্ত যথাযথ প্রতিপালন হয়েছে কিনা নীতিমালা অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে তদন্ত শেষ করে মূল্যায়ন রিপোর্ট সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।	১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জমৌলভবাজার ৫-৮ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার

৫. খাস জমি ও অন্যান্য জমি সংক্রান্ত মামলা: দেওয়ানি মামলা (মূল) ও দেওয়ানি মামলা (আপিল) সম্পর্কে সভায় আলোচনা করা হয়।	(ক) এস.এফ যথাযথভাবে প্রস্তুত করে সঠিক সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণ বিজ্ঞ জিপির সাথে যোগাযোগ রক্ষা করে মামলার হালনাগাদ তথ্য অবহিত থাকবেন। (খ) সরকারের বিপক্ষে রায় হলে দ্রুত আপিল করতে হবে এবং এ আপিল সংক্রান্ত তথ্য নিয়মিত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করতে হবে। (গ) চা বাগান, জলমহাল ও বালুমহালসহ SA & T এক্টের ২০ ধারায় সরকারে বর্তিয়েছে এমন সকল জমি ১ নং সরকারি খাস খতিয়ানে রেকর্ড নিশ্চিত করতে হবে।	১-৪. জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ৫-৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
৬. অর্পিত সম্পত্তি সংক্রান্ত: ইজারাকৃত অর্পিত সম্পত্তির দাবী আদায়, নবায়ন সংখ্যা বাড়ানো পরিদর্শনের সময় নবায়ন কেস ও রেজিস্টার পর্যালোচনাসহ আদায় বৃদ্ধি, অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনায় ক্রাশ প্রোগাম কর্মসূচী গ্রহণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া ক ও খ তালিকাভূক্ত অর্পিত/পরিত্যক্ত সম্পত্তির বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের জারীকৃত পরিপত্রের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) আপিল ট্রাইব্রুনালে রায় হওয়ার পর অর্পিত সম্পত্তি সংক্রান্ত অবমুক্তির আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। নিষ্পন্ন ও অনিষ্পন্ন আবেদনের তথ্য নিয়মিত এ কার্যালয়কে অবহিত করতে হবে। (খ) লিজকৃত অর্পিত সম্পত্তির বকেয়া ও হাল সনের দাবি আদায়ে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের সরাসরি সম্পৃক্ত করতে হবে এবং সম্পৃক্ত হওয়ার পর নবায়নে ব্যর্থ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে জবাবদিহিতার আওতায় আনতে হবে। নিষেধাজ্ঞা না থাকলে শুধু মামলা থাকলেই আদায় বন্ধ রাখা যাবে না। (গ) জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)গণকে পরিদর্শনের সময় নবায়ন কেস ও রেজিস্টার পর্যালোচনা করে আদায় বৃদ্ধির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। (ঘ) প্রত্যেক জমির (ভিপি) ডিজিটাল তথ্য রাখতে হবে। (ঙ) ক ও খ শ্রেণির অর্পিত/পরিত্যক্ত সম্পত্তির বিষয়ে বিদ্যমান আইন ও ভূমি মন্ত্রণালয়ের জারীকৃত পরিপত্র অনুসরণ করতে হবে।	১-৪. জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
৭. সার্টিফিকেট মামলা সংক্রান্ত: রেন্ট সার্টিফিকেট ও জেনারেল সার্টিফিকেট মামলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	(ক) প্রত্যেক জেলার রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা যাচাই করে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে রাজস্ব আদায়পূর্বক মামলা নিষ্পত্তি করতে হবে। পুরাতন মামলাগুলোর নিষ্পত্তিতে বেশি জোর দিতে হবে। (খ) জেলা রাজস্ব সভায় বিষয়টি আলোচনা করে সার্টিফিকেট মামলা নিষ্পত্তির বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। (গ) উপজেলা ভূমি অফিসে সার্টিফিকেট মামলা পরিচালনা নিশ্চিত করতে হবে। মামলা নিয়মিত উপস্থাপনের লক্ষ্যে ফরওয়ার্ড ডায়েরির ব্যবহার নিশ্চিত করতে হবে। নথিসমূহ উপজেলা ভূমি অফিসে যথাযথ সংরক্ষণ করতে হবে। (ঘ) প্রতি বুধবার নির্ধারিত সময়ে সার্টিফিকেট মামলার শুনানী গ্রহণের মাধ্যমে নিষ্পত্তির হার বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১-৪. জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার

৮. অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আদালত/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আদালতের মামলা নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) আদালত /অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) গণের আদালতের মামলা নিষ্পত্তির হার বাড়ানোর ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	(ক) রাজস্ব আপিল আদালতের চাহিত নথি বা প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) রাজস্ব মামলার আদেশের সইমুহুরী নকলের জন্য আবেদন করা হলে বিধিমোতাবেক দ্রুত সরবহরাহ করতে হবে। (গ) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/সহকারী কমিশনারগণকে নিয়মিতভাবে আদালতের কার্যক্রম পরিচালনা করে মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। (ঘ) পুরাতন মামলাসমূহ ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করতে হবে। (ঙ) উপজেলা ভূমি অফিসে বিবিধ রাজস্ব মামলা পরিচালনা নিশ্চিত করতে হবে। মামলা নিয়মিত উপস্থাপনের লক্ষ্যে ফরওয়ার্ড ডায়েরির ব্যবহার নিশ্চিত করতে হবে। (চ) ধার্য তারিখে নথি উপস্থাপন ও আদেশ প্রদান নিশ্চিত করতে হবে।	১. অতিরিক্ত বিভাগীয় কমিশনার(রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট। ২-৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার
৯. নামজারি ও জমাভাগ: ই-নামজারির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে তদারকি জোরদার করতে হবে। মামলা নিষ্পত্তির হার বৃদ্ধি এবং ২৮ দিনের মধ্যে ক্রাশ প্রোগ্রাম কর্মসূচীর মাধ্যমে ই-নামজারি নিষ্পত্তির উপর গুরুত্বারোপ করা হয়। সহকারী কমিশনার (ভূমি)এর কার্যালয়ে ই-নামাজারি নথি যথাসময়ে উপস্থাপন এবং শুনানী গ্রহণসহ আদেশ প্রদান করার ব্যাপারে সভায় আলোচনা করা হয়।	(ক) ই-নামজারি মোকদ্দমা নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। (খ) ২৮ দিনের উর্ধ্বে পেন্ডিং ই-নামজারি মামলা ক্রাশ কর্মসূচির মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) ই-নামজারির বিষয়টি নিয়মিতভাবে তদারকি করতে হবে এবং মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (ঘ) ই-নামজারি সিস্টেমের সমস্যাগুলো চিহ্নিত করে সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র লিখতে হবে। (ঙ) আবেদন দাখিলের ক্রমানুসারে নামজারি সম্পন্ন করতে হবে। (চ) আবেদন মঞ্জুর অথবা না-মঞ্জুর করার ক্ষেত্রে আইনগত কারণ সুস্পষ্টভাবে আদেশপত্রে উল্লেখ করতে হবে।	১-৪. জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার ৫-৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট/সুনামগঞ্জ/ হবিগঞ্জ/মৌলভীবাজার
১০. আশ্রয়ণ প্রকল্প: আশ্রয়ণ প্রকল্প পরিদর্শনক্রমে সঠিক তথ্য অত্র কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আশ্রয়ণ প্রকল্পের সার্বিক কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট সবার দৃষ্টি আকর্ষণ করা হয়।আশ্রয়ণ প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শনসহ প্রাক্কলন মতে গৃহ নির্মাণসহ সকল কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা হয়।	(ক) আশ্রয়ণ প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে এবং যথাযথ মান বজায় রেখে প্রাক্কলন মতে গৃহ নির্মাণ নিশ্চিত করনের ব্যবস্থা নিতে হবে। (খ) উপকারভোগী ঘর ছেড়ে চলে গেলে বিধি মোতাবেক ব্যবস্থা নিতে হবে। (গ) আশ্রয়ণ-২ প্রকল্পের ৪র্থ পর্যায় এবং ৫ম পর্যায়ে বরাদ্দ যে সকল ঘরের কাজ শেষ করা হয়নি সে সকল ঘরের নির্মাণ কাজ দ্রুত শেষ করতে হবে। (ঘ) ঘর নির্মাণের জন্য অতিরিক্ত চাহিদা থাকলে তা দ্রুত প্রেরণ করতে হবে।	১-৪. জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার

১১. ভূমি অফিসসমূহ পরিদর্শন ও দর্শন: সভায় ভূমি অফিসমূহ পরিদর্শন ও দর্শন ক্রমে সঠিক তথ্য অত্র কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) দর্শন ও পরিদর্শনের প্রমাপ অর্জন করতে হবে। (খ) দর্শন ও পরিদর্শন প্রতিবেদন আবশ্যিকভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	১. অতিরিক্ত বিভাগীয় কমিশনার(রাজস্ব), সিলেট। ২-৫. জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
১২. ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কার্যক্রম: ভূমি অধিগ্রহণ কার্যক্রমে ক্ষতিপুরণের চেক মাঠে গিয়ে বিতরণ ,বিলম্বিত এলএ কেসের সংখ্যা কমানো, এসএ জরিপমতে অধিগ্রহণকৃত জমির আরএস জরিপের রেকর্ডের সঠিকতা বিবেচনার ভিত্তিতে ক্ষতিপূরণের অর্থ প্রদানের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) ঢাকা-সিলেট মহাসড়ক ৪ লেনে উন্নীতকরন প্রকল্পসহ সকল অধিগ্রহণ কার্যক্রম স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন ২০১৭ এবং তৎসংশ্লিষ্ট ভূমি মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নির্দেশিকার আলোকে ত্বরান্বিত করতে হবে এবং এ কার্যালয়কে নিয়মিত অবহিত করতে হবে। (খ) এল.এ মামলা নিষ্পত্তি সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন ১৫দিন অন্তর অন্তর প্রেরণ করতে হবে। (গ) যে সকল বিলম্বিত এলএ কেস নামজারির জন্য পেন্ডিং রয়েছে সেগুলোর নামজারি দ্রুত সম্পাদনের লক্ষ্যে সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করতে হবে। (ঘ) ক্ষতিপূরণের চেক মাঠে গিয়ে বিতরণ করতে হবে। (ঙ) অন্যান্য পেন্ডিং এল.এ মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। অনিবার্যকারণ ব্যতিরেকে কোন কর্মকর্তা কর্মচারীর অবহেলাজনিত কারণে অধিগ্রহণের কোন অংশের কার্যক্রম বিলম্বিত হলে তাকে জবাবদিহীতার আওতায় আনতে হবে।	১-৪. জেলা প্রশাসক, সিলেট /সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার
১৩. জরিপ বিভাগ: খাস জমি যাতে কোন ব্যাক্তি বা সংস্থার নামে রেকর্ড না হয় সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখাসহ ভলিউম হস্তান্তরের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) খাস জমি যাতে কোন ব্যক্তি বা সংস্থার নামে রেকর্ড না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। (খ) চূড়ান্তভাবে প্রকাশিত ভলিউমের হস্তান্তর সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করতে হবে। (গ) ভূমি জরিপকালে সরকারি স্বার্থে রেকর্ড সংক্রান্ত বিষয়ে আপত্তি প্রদানের নির্দেশনা দিতে হবে। (ঘ) যে রেকর্ডগুলো চূড়ান্ত হয়েছে সেসকল ০১নং খতিয়ান জেলা প্রশাসন পরীক্ষা করে রেকর্ড সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা তার তথ্য আগামী সভার পূর্বেই দিতে হবে।	১-৪. জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ৫ জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট।
১৪. উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত: অডিট আপত্তি নিষ্পত্তি, অডিট আপত্তির জবাব প্রস্তুতের সময় বিষয়টি যাঁচাই-বাছাই এবং সহকারী হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিট আপত্তির সাথে জেলা প্রশাসকের অডিট আপত্তির সংখ্যা যাচাইসহ নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (খ) অডিট আপত্তির জবাব প্রস্তুতের সময় বিষয়টি যাঁচাই-বাছাই করে যথাযথভাবে জবাব প্রস্তুত করে দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (গ) সহকারী হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়ের অডিট আপত্তির সাথে জেলা প্রশাসকের কার্যালয়ের অডিট আপত্তির সংখ্যা যাচাই করে প্রতিবেদন প্রেরণ করতে হবে। (ঘ) অডিট আপত্তি নিষ্পত্তি বাড়াতে সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করে এ কার্যালয়কে অবহিত করতে হবে।	১-৪. জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ৫. সহকারী হিসাব নিয়ন্ত্রক(রাজস্ব),সিলেট বিভাগ

১৫. শিক্ষা বিভাগের কার্যক্রম: আশ্রয়ণ প্রকল্প পরিদর্শনক্রমে সঠিক তথ্য অত্র কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া যেসকল শিশু-কিশোর বিদ্যালয়ে ভর্তি হয়নি তাদের ভর্তিকরনের উপর অধিকতর গুরুত্ব আরোপ করা হয়। যে সকল প্রকল্প এলাকায় বিদ্যালয় স্থাপিত হয়নি সে সকল স্থানে বিদ্যালয় স্থাপনের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার ব্যাপারে সভায় আলোচনা হয়।	(ক) আশ্রয়ণ প্রকল্প পরিদর্শনের সঠিক তথ্য নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। (খ) বিদ্যালয়ে অ-ভর্তিকৃত শিশুর বিষয়ে পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করতে হবে। (গ) আশ্রয়ণ ও আবাসনের শিক্ষার্থীদের সঠিক তথ্য ছক মোতাবেক নিয়মিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। (ঘ) বিদ্যালয়ে অভর্তিকৃত শিশুদের ভর্তির বিষয়টি বাধ্যতামূলকভাবে নিশ্চিতকরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে প্রয়োজনে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর সাথে সমন্বয়পূর্বক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১-৪. জেলা প্রশাসক,সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ৫. উপ পরিচালক,প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ।
১৬. বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট এর কার্যক্রম: সভায় আশ্রয়ণ প্রকল্প পরিদর্শনক্রমে সঠিক তথ্য অত্র কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত পরিবারসমূহকে স্থানও সময় উপযোগী প্রশিক্ষণ প্রদান,ঋণ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন ও সকল ভাতাদির বিষয়ে আলোচনা করা হয়।	(ক) আশ্রয়ণ-২ প্রকল্পে বসবাসরত পরিবারসমূহের জীবনমান উন্নয়নের জন্য সমাজসেবা কার্যক্রমের আওতায় নিয়ে আসতে হবে। (খ) পরিবারগুলোর মধ্যে আত্মকর্মসংস্থান ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে ঋণ বিতরণ ও আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) সকল ভাতার বিস্তারিত তথ্য আগামী সভার পূর্বে প্রতিবেদন আকারে বিভাগীয় কমিশনার অফিসে প্রেরণ করতে হবে। (ঘ) সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় কোন আশ্রয়ণ প্রকল্পের কতজন উপকারভোগী রয়েছেন তার তালিকা প্রস্তুত করতে হবে।	১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, সিলেট।
১৭. সমবায় বিভাগের কার্যক্রম: জীবনমান উন্নয়নে সমবায় বিভাগের কার্যালয়ের প্রশিক্ষণ কার্যক্রম,ঋণের টাকার সঠিক ব্যবহার, সমবায় সমিতি গঠনের কাজ ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।	(ক) আশ্রয়ণ প্রকল্পসমূহে বসবাসরত পরিবারসমূহের জীবনমান উন্নয়নের জন্য সমবায় কার্যালয়ের প্রশিক্ষণ কার্যক্রম চালু করতে হবে। (খ) আশ্রয়ণ প্রকল্পে বসবাসকারী প্রত্যেক পরিবারকে (নতুন বরাদ্দ প্রাপ্ত পরিবারসহ) স্থান ও সময় উপযোগী প্রশিক্ষণের আওতায় নিয়ে আসতে হবে। (গ) ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রাখতে হবে। ঋণের টাকার সঠিক ব্যবহার হয় কিনা সে বিষয়টি তদারকি করতে হবে। (ঘ) আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিত পরিবারগুলোকে নিয়ে সমবায় সমিতি গঠনের ব্যবস্থা করতঃ সমবায়ের পূর্ণাঙ্গ কার্যক্রমের আওতায় নিয়ে আসতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। (ঙ) সমবায় সমিতি গঠনের কাজ পরিচালনার স্বার্থে প্রয়োজনে এক বা একাধিক সমিতি গঠন করে কাজ পরিচালনা করতে হবে।	১-৪. জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার ০৫. যুগ্ম নিবন্ধক,বিভাগীয় সমবায় দপ্তর, সিলেট বিভাগ, সিলেট।

১৮. পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম: পরিবার পরিকল্পনা বিভাগের আওতাধীন , স্যাটেলাইট ক্লিনিকের কার্যক্রম এবং অন্যান্য বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) স্থায়ী ও অস্থায়ী ব্যবস্থা গ্রহণ করে না এমন দম্পতিদের মোটিভেশনের মাধ্যমে জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণের আওতায় আনতে হবে। (খ) নবনির্মিত সকল আশ্রয়ণ প্রকল্পসমূহে বসবাসরত পরিবারসমূহের জীবনমান উন্নয়নে সার্বিক স্বাস্থ্য সেবা কার্যক্রম গ্রহণ করতে হবে। (গ) আশ্রয়ণ প্রকল্পে স্যাটেলাইট ক্লিনিকের কার্যক্রম জোরদার করতে হবে। (ঘ) পরিবার পরিকল্পনা গ্রহণে আরো উদ্বুদ্ধকরণ কার্যক্রম জোরদার করতে হবে।	১-৪ জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার ৫ পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ।
১৯. অটোমেশন: অনলাইন ভূমি উন্নয়ন কর, দেওয়ানি মামলার তথ্যের অনলাইন ডাটাবেজ আপডেটকরন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	(ক) অন-লাইন ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়ারে হোল্ডিং এন্ট্রির কাজ অব্যাহত রাখতে হবে। (খ) এন্ট্রি হয়নি এমন সায়রাত মহাল (চা বাগান, জমি অধিগ্রহণের তথ্যসহ) এর তথ্যাদি এন্ট্রির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) দেওয়ানি মামলার তথ্যের অন-লাইন ডাটাবেস তৈরির কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। (ঘ) ই-পর্চায় পারফরম্যান্স অর্জনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঙ) অন-লাইন এবং ডাকযোগে পর্চা ও নকশা সরবরাহ বিষয়ে প্রচার করতে হবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসে এ সংক্রান্ত বিলবোর্ড/প্রাচরপত্র স্থাপন করতে হবে। (চ) অটোমেশনের আওতায় কর্মী ব্যবস্থাপনা সম্পর্কিত অন-লাইন প্রতিবেদন প্রেরণ করতে হবে। (ছ) রাজস্ব মামলার তথ্য অন-লাইনে এন্ট্রির উদ্যোগ গ্রহণ করতে হবে। (জ) যে সকল হোল্ডিং রেজিস্ট্রেশন অনুমোদনের জন্য অপেক্ষমান রয়েছে সেগুলো নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঝ) ভূমি উন্নয়ন কর আদায়ের সময় হোল্ডিং রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হবে। (জ) আপীল ট্রাইব্যুনালে রায়ের পর বিধি মোতাবেক নামজারী করে দিতে হবে।	১-৪ জেলা প্রশাসক,সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার

২০. ওয়াকফ্ পরিদর্শকগণ কর্তৃক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ: ওয়াকফ পরিদর্শকগণ কর্তৃক পরিদর্শন প্রতিবেদন বিভাগীয় কমিশনার ও সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর নিয়মিতভাবে প্রেরণ,মানচিত্র তৈরী,ওয়াকফ সম্পত্তির অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম ওয়াকফ সম্পত্তি/ধর্মীয় প্রতিষ্ঠানের সম্পত্তি বিক্রয় সংক্রান্ত এবং হযরত শাহজালাল (রঃ) ও হযরত শাহপরান (রঃ) এর মাজারের মোতাওয়াল্লী নিয়োগের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) ওয়াকফ পরিদর্শকগণ পরিদর্শন প্রতিবেদন বিভাগীয় কমিশনার ও সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর নিয়মিতভাবে প্রেরণ করবেন। (খ) ওয়াকফ পরিদর্শকগণ প্রত্যেক জেলার আওতাধীন ওয়াকফ্ এস্টেটের তপসিলসহ সম্পত্তির পরিমাণ উল্লেখ করে একটি তালিকা সরাসরি জেলা প্রশাসকগণের নিকট দাখিল করে এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে। (গ) অফিসের ওয়েবসাইটে বিধি মোতাবেক তথ্য হালনাগাদ করতে হবে। (ঘ) ওয়াকফ ও দেবোত্তর সম্পত্তির অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম জোরদার করতে হবে। (ঙ) ওয়াকফ সম্পত্তি/ধর্মীয় প্রতিষ্ঠানের সম্পত্তি বিক্রয় সংক্রান্ত বিষয়ে ওয়াকফ (সম্পত্তি হস্তান্তর ও উন্নয়ন) বিশেষ বিধান আইন, ২০১৩ অনুসরণ করতে হবে। (চ) হযরত শাহজালাল (রঃ) ও হযরত শাহপরান (রঃ) এর মাজারে মোতাওয়াল্লী নিয়োগের বিষয়ে আলোচনাক্রমে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১ ওয়াকফ্ পরিদর্শক, সিলেট ও সুনামগঞ্জ। ২ ওয়াকফ্ পরিদর্শক, মৌলভীবাজার ও হবিগঞ্জ। ৩-৬ জেলা প্রশাসক,সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজা
২১. বিবিধ: রাজস্ব প্রশাসনের আওতাধীন শূণ্যপদ পূরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) রাজস্ব প্রশাসনের আওতাধীন শূণ্য পদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) রাজস্ব প্রশাসনের আওতাধীন একই কর্মস্থলে ৩ বছরের অধিককাল কর্মকর্তা/কর্মচারীদের দ্রুত বদলীপূর্বক এ কার্যালয়কে অবহিত করতে হবে।	১-৪ জেলা প্রশাসক, সিলেট/ সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-০৯-২০২৪
আবু আহমদ ছিদ্দীকী, এনডিসি
বিভাগীয় কমিশনার
০২৯৯৬৬৪৩২৬৬
divcomsylhet@mopa.gov.bd

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৪৬.০০০০.০০৬.০৬.০০১.২২.১১৭৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১/১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা;
৩। প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, তেজগাঁও, ঢাকা;
৪। জাতীয় প্রকল্প পরিচালক, ভূমি মন্ত্রনালয়, ৩/১, নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫;
৫। পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগীয় কার্যালয়, সিলেট;
৬। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার;
৭। উপ-ভূমি সংস্কার কমিশনার, সিলেট বিভাগ, সিলেট;
৮। জোনাল সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, সিলেট;
৯। উপপরিচালক, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, প্রাথমিক শিক্ষা, সিলেট;

১০। পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, সিলেট;
১১। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট;
১২। সহকারী হিসাব নিয়ন্ত্রক(রাজস্ব), সিলেট;
১৩। ওয়াকফ পরিদর্শক, সিলেট;
১৪। ওয়াকফ পরিদর্শক, মৌলভীবাজার এবং
১৫। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৩০-০৯-২০২৪
মোহাম্মদ রোকন উদ্দিন
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)

সকল সংযুক্তিসমূহ:
(১) পরিশিষ্ট 'ক'